দৈনিক ইত্তেফাক

17

তারিখ ...2-1 JUL 1997... ...
পৃষ্ঠা ...6... ...কলাম...4... ......

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা নিরসনের দাবী

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গত বিশ দিন যাবৎ ইসলামী বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসন করিয়া অবিলম্বে শিক্ষা ও প্রশাস-

(১৩ পৃঃ দ্রঃ)

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে

(৩য় পৃঃ পর)

নিক কার্যক্রম চালুর দাবীতে গত শনিবার জাতীয়তাবাদী ছাত্রদল বিশ্ববিদ্যালয়ের প্রধান গেটে এক ছাত্র গণ জমায়েতের আয়োজন করে। সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি খন্দকার নিয়াজুল বারির সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত জমায়েতে প্রধান অতিথির বক্তব্যে সংসদে বিরোধী দলীয় হুইপ মশিউর রহমান বলিয়াছেন, সরকারী ছত্রচ্ছায়ায় ছাত্রলীগ (শা-পা) ভিসি অপসারণের নামে বিশ্ববিদ্যালয়ে অরাজক পরিস্থিতি সৃষ্টি করিয়াছে। তিনি বিশ্ববিদ্যালয়ের সংকটজনক পরিস্থিতি নিরসনে ব্যর্থতার জন্য সরকারের সমালোচনা করেন। জমায়েতে অন্যান্যের মধ্যে বিএনপি দলীয় সংসদ সদস্য আবদুল ওহাব, আবদুল খালেক চন্টু, সাবেক সাংসদ আলহাজ সোহরাব উদ্দিন, ছাত্রদল নেতা গোলাম কবির প্রমুখ বক্তৃতা করেন।

এদিকে ইসলামী বিশ্ববিদ্যালয়ে বিরাজমান অচলাবস্থা তথা সংকটময় পরিস্থিতির জন্য শিক্ষক সমিতির ভাইস-চ্যান্সেলর মুহাম্মদ ইনাম-উল-হককে দায়ী করিয়া বলিয়াছে, নিয়োগ পাওয়ার পর হইতে গত দুই বছরে তিনি লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ, ব্যাপক দুর্নীতি, ক্ষমতার সীমাহীন অপব্যবহার, অনিয়মের মাধ্যমে এই বিশ্ববিদ্যালয়কে কার্যতঃ পঙ্গু করিয়া দিয়াছেন। ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক সরোয়ার জাহান জাতীয় দৈনিকসমূহের ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতাদের নিকট 'বর্তমান পরিস্থিতির' উপর বক্তব্য প্রদানকালে একথা বলেন।